



## আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১

৩০ আষাঢ় ১৪২৮

তারিখঃ

১৪ জুলাই ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)- এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত  
বিধি-নিষেধের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮-এর প্রেক্ষিতে পবিত্র ঈদুল আযহা পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে সীমিত পরিসরে আর্থিক প্রতিষ্ঠানসমূহ চালু রাখার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

- ১। আগামী ১৫, ১৮ এবং ১৯ জুলাই ২০২১ তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৬.০০ ঘটিকা পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করবে।
- ২। আগামী ২৫ জুলাই ২০২১ তারিখ হতে ০৫ আগস্ট ২০২১ তারিখে পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.০০ ঘটিকা পর্যন্ত সীমিত পরিসরে আর্থিক প্রতিষ্ঠান খোলা রাখা যাবে।
- ৩। বিধি-নিষেধ চলাকালে গ্রাহকের হিসাবে মেয়াদপূর্তিতে স্থায়ী আমানত নগদায়ন, ঋণের কিস্তি জমা গ্রহণ ইত্যাদি জরুরি আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকায় ০১ (এক)টি শাখা ও ঢাকার বাহিরে প্রতি জেলায় সর্বোচ্চ ০১ (এক)টি শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ খোলা রাখা যাবে।
- ৪। অফিস খোলা রাখার ক্ষেত্রে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালনপূর্বক সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৫। বিধি-নিষেধ চলাকালে কর্মকর্তা/কর্মচারীগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করতে হবে। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮